দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 27 JUN 1995
পৃষ্ঠা ৮ কলাম ৫ ...

০৪

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

উচ্চ মাধ্যমিক পরীক্ষা

## শিক্ষকরা নিজ কলেজ ছাড়া অন্য কলেজে দায়িত্ব পালন করবেন না

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** উচ্চ মাধ্যমিক পরীক্ষায় শিক্ষকদের অন্য কলেজ কেন্দ্রে স্থানান্তর করা হলে শিক্ষকরা দায়িত্ব পালনে বিরত থাকবেন। বিসিএস সাধারণ শিক্ষা সমিতি বৃহত্তর চট্টগ্রাম ও পার্বত্য অঞ্চল শাখা শনিবার এক জরুরী সভায় এ সিদ্ধান্ত নেয়।

চট্টগ্রাম কলেজ শিক্ষক মিলনায়তনে প্রফেসর আফম সিরাজদৌল্লাহ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আমলাতান্ত্রিক সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়ে বক্তব্য রাখেন এটিএম সালেহ জহুর, অধ্যক্ষ মেজবাউল কবির, ডঃ রণজিত দে, আওরঙ্গজেব চৌধুরী, সাধন চন্দ্র পাল, করিম উল হক, নাজিমুদ্দীন প্রমুখ। তারা বলেন, অন্য কলেজ কেন্দ্রে শিক্ষক সমাজের জন্য অত্যন্ত অবমাননা করা, এ সিদ্ধান্তের মাধ্যমে শিক্ষক সমাজকে চরমভাবে অবিশ্বাস এবং হেয় প্রতিপন্ন করা হয়েছে। এ নির্দেশ বাতিল করা না হলে শিক্ষকগণ দায়িত্ব পালন থেকে বিরত থাকবেন। এ সম্পর্কে আগামী মাসের প্রথম সপ্তাহে শিক্ষকগণ কর্মসূচী ঘোষণা করবেন।